

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস আইসিডি  
কমলাপুর, ঢাকা  
[www.chicd.gov.bd](http://www.chicd.gov.bd)

নথি নং-০৫-কাস(১৮৩)জাঃরাঃবো/আইসিডি/২০২০/২২৮

তারিখ: ০২/০৩/২০২১ খ্রিঃ।

প্রেরক : কমিশনার

প্রাপক: সদস্য (কাস্টমস নীতি ও আইসিডি)  
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)

বিষয় : নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ড হতে ই-মেইলযোগে প্রাপ্ত পত্র স্মারক নং-০৮.০১.০০০০.০১১.০৯.০০৮.২০২০-১২৯  
তারিখ: ২৩/০২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের আলোকে গত ১৪/০১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের মধ্যে শুদ্ধ, আবগারী ও ভ্যাট সংশ্লিষ্ট বিষয়সমূহের বাস্তবায়ন ও এর অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ:

জা: রা: বো: এর কার্যবিবরণীর ক্রমসূচী	বিষয়	সিদ্ধান্ত	এ দপ্তরের গৃহীত কার্যক্রম
০২.	অধীনস্থ অফিস ও মাঠপর্যায়ের অফিসসমূহ নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজন সংক্রান্ত	২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী মাঠপর্যায়ের অফিসসমূহে নিয়মিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার আয়োজন করে সভার কার্যবিবরণী বোর্ডে প্রেরণ করতে হবে।	২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী মাঠপর্যায়ের অফিসসমূহে নিয়মিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির পরবর্তী সভার কার্যবিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হবে।
০৩.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা সংক্রান্ত।	২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।	ইতোপূর্বে অংশীজনদের সাথে নিয়মিত সভা করা হয়েছে। যা ২০২০-২১ অর্থবছরে অব্যাহত রাখা হবে।
০৬.	উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ।	উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	এ দপ্তর কর্তৃক গৃহীত উত্তম চর্চা সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করে গত ২২/১০/২০২০ খ্রিঃ তারিখে পত্র মারফত জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে।
০৯.	প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্ত	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।	বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ চলমান।

১০.	শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন সংক্রান্ত।	স্ব স্ব শাখা/অধিশাখাসমূহ নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।	স্ব স্ব শাখা/অধিশাখাসমূহ নিয়মিত পরিদর্শন করা হয়। পরবর্তীতে পরিদর্শন প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হবে।
১১.	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ সংক্রান্ত।	১। শাখাসমূহের নথি শ্রেণীবিন্যাসের কাজ পুনরায় প্রথম সচিব ও দ্বিতীয় সচিব ব্যক্তিগতভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সংশ্লিষ্ট কমিটির নিকট প্রতিবেদন দাখিল করবেন। ২। মাঠ পর্যায়ের সকল কমিশনারেটে নথি যথাযথভাবে করার জন্য কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা উইং এবং শুল্ক ও ভ্যাট প্রশাসন উইং থেকে ২টি আলাদা কমিটি গঠন করতে হবে।	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী বিগত বছরসমূহের সংশ্লিষ্ট নথিসমূহ ক্যাটাগরী ভিত্তিক শ্রেণীবিন্যাসের কাজ প্রক্রিয়াধীন।
১২.	শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ সংক্রান্ত।	বিধি মোতাবেক শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্ট করতে হবে।	প্রযোজ্য ক্ষেত্রে নথি বিনষ্টকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে রপ্তানী (৩২,৮৬০) ও আমদানি (৭৭,৭৬০) সর্বমোট=১,১০,৬২০ এক লক্ষ দশ হাজার ছয়শত বিশ টি নথি বিনষ্টের জন্য টেন্ডার সম্পন্ন হয়েছে এবং নথি ধ্বংসের উদ্যোগ নেয়া হয়েছে।
১৩.	প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন সংক্রান্ত।	নিয়মিত গণশুনানী আয়োজন করে তাঁর প্রতিবেদন বোর্ডে প্রেরণ করতে হবে।	স্টেক হোল্ডারদের সাথে গণশুনানীর আয়োজন করে প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হবে।
১৫.	ই-ফাইলিং বাস্তবায়ন সংক্রান্ত।	ই-পত্র ইস্যু করার প্রয়োজনে সংশ্লিষ্ট সকলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	ইতোমধ্যে ০১টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।
১৭.	অভিযোগ বাস্তব স্থাপন করা সংক্রান্ত।	অভিযোগ বাস্তব সাপ্তাহিক ভিত্তিতে প্রতি বৃহস্পতিবার নিয়মিত খুলে তালিকা প্রস্তুত করতে হবে এবং নিষ্পত্তির পদক্ষেপ নিতে হবে।	অভিযোগ বাস্তব এ দপ্তরে স্থাপিত রয়েছে, যা নিয়মিত খুলে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা হয়।
১৯.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে পরিবীক্ষণ সংক্রান্ত।	প্রতি ৩(তিন) মাস অন্তর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রতিবেদন যথাসময়ে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে।

০/০

10/2/2023

খন্দকার নাজমুল হক  
অতিরিক্ত কমিশনার (চঃ দাঃ)  
কমিশনারের প্রক্ষেপ

ফোন: ০২-৪৮৩১৩৮৪৩

ইমেইল: icdcus@gmail.com